গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-৭ (কলেজ-২)

নং-শিম/শাঃ৭/বিভাগীয় মামলা-০৬/২০১২ তারিখঃ ০৯/১২/২০১২

প্রজ্ঞাপন

যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব জুলফিকার রহমান (৮১০০), অধ্যাপক (সমাজবিজ্ঞান) প্রেষণে উপ-পরিচালক, সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত সেকায়েপ প্রকল্পের ২০০৯-২০১০ অর্থ বছরে প্রকিউরমেন্ট কার্যক্রমে অনিয়মের অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমানিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) ধরা মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। পরবর্তীতে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্ত করা হয় এবং তদন্তে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) ধারা মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগ প্রমাণিত হয়নি;

যেহেতু, জনাব জুলফিকার রহমান এর আলোচ্য বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও অন্যান্য সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক অভিযুক্ত কর্মকর্তাকে অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব জুলফিকার রহমান (৮১০০), অধ্যাপক (সমাজবিজ্ঞান) প্রেষণে উপ-পরিচালক, সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকাকে অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

স্বাক্ষরিত/-
তারিখঃ ০৬/১২/২০১২
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব

নং-শিম/শাঃ৭/বিভাগীয় মামলা-০৬/২০১২/ ৭৬৮/১(৮) তারিখঃ ০৯/১২/২০১২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব জুলফিকার রহমানএর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে দন্ডাদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
২। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক, সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব (শাখা-৬), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। জনাব জুলফিকার রহমান (৮১০০), উপ-পরিচালক, সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(ড. মোঃ খালেদ হোসেন)
উপ-সচিব
☎ ৯৫৫৩২৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-৭ (কলেজ-২)

নং-শিম/শাঃ৭/বিভাগীয় মামলা-২৫/২০১১/ তারিখঃ০৯/১২/২০১২

প্রজ্ঞাপন

যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আবুল কালাম আজাদ (০১৬৭৯৭), সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সরকারি কারমাইকেল কলেজ, রংপুর ১০% কোটায় নিয়োগপ্রাপ্ত হয়ে ১৪/০৬/২০০৬ তারিখে সরকারি চাকুরিতে যোগদান করেন। তিনি অভিজ্ঞতার ভুয়া সনদ ব্যবহার করে ১০% কোটায় সরাসরি নিয়োগপ্রাপ্ত হয়েছেন মর্মে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) মোতাবেক ''অসদাচরণ'' ও ''দুর্নীতি'' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে তিনি জবাব প্রদান করেন এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেননি। পরবর্তীতে তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তে তার বিরুদ্ধে অভিজ্ঞতার ভুয়া সনদ ব্যবহার করে ১০% মেধা কোটায় সরকারি চাকুরি লাভের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। অতপর অভিযুক্ত কর্মকর্তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং তার জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়নি;

যেহেতু, জনাব মোঃ আবুল কালাম আজাদ এর অভিজ্ঞতার সনদ ভুয়া প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) অনুযায়ী ''চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন উক্ত সিদ্ধান্তে একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি উক্ত প্রস্তাবে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মোঃ আবুল কালাম আজাদকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) অনুযায়ী ''চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করা হ'ল।

স্বাক্ষরিত/-
তারিখঃ ০৬/১২/২০১২
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব

নং-শিম/শাঃ৭/বিভাগীয় মামলা-২৫/২০১১/৭৯০/১(৮) তারিখঃ ০৯/১২/২০১২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ আবুল কালাম আজাদ এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে সংরক্ষণের অনুরোধসহ)।
২। অধ্যক্ষ, সরকারি কারমাইকেল কলেজ, রংপুর। ।
৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সিনিয়র সহকারী সচিব (শাখা-৬), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর।
৭। জনাব মোঃ আবুল কালাম আজাদ (০১৬৭৯৭), সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সরকারি কারমাইকেল কলেজ, রংপুর।

৯/১২/২০১২
(ড. মোঃ খালেদ হোসেন)
উপ-সচিব
☎ ৯৫৫৩২৭৬